



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৭২৩২১/ ৩১২০ /নোয়াখালী-১১৮

তারিখঃ ১০.০৮.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন আলাইয়ারপুর কাজিরহাট ইসলামীয়া দাখিল মাদ্রাসার গত ১৪/০১/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটি নির্বাচনে নির্বাচিত অভিভাবক সদস্য ও সভাপতির বিরুদ্ধে জনৈক মোঃ লোকমান একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় সভাপতি অন্য একটি স্কুলের শিক্ষক যা প্রবিধান মালার ৮(৩) ধারার পরিপন্থী এবং একজন অভিভাবক সদস্যের মেয়ে শিক্ষার্থী দাখিল পাশ করায় তার অভিভাবক সদস্য পদ বাতিল এবং অপর একজন অভিভাবক সদস্যের ছেলে শিক্ষার্থী মাদ্রাসায় পড়ে না বিধায় অভিভাবক সদস্য পদ সঠিক নয় যা ৭(১)(ঘ) ধারা অনুযায়ী নির্বাচিত হয়নি মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
উপজেলা নির্বাহী অফিসার,
বেগমগঞ্জ, নোয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৭২৩২১/

/নোয়াখালী-১১৮

তারিখঃ ১০.০৮.২০১৯খ্রিঃ

সদয়-অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।
৪. সুপার, আলাইয়ারপুর কাজিরহাট ইসলামীয়া দাখিল মাদ্রাসা।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরবার,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বখশী বাজার, ঢাকা।

বিষয়ঃ ম্যানেজিং কমিটি সংক্রান্ত অভিযোগ।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, নোয়াখালী জেলাধীন আলাইয়ারপুর কাজিরহাট ইসলামীয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন গত ১৪/০১/২০১৮ইং অনুষ্ঠিত হয়। ই/বি শাখার মাত্র ১জন প্রার্থী মাওঃ রহমত উল্যাহ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। দাখিল শাখায় ৫জন প্রার্থীর মধ্যে ৩জন নির্বাচিত হয়।

প্রতিদ্বন্দ্বিতাদের নামঃ

- ১। মাওঃ ছাখাওয়াত উল্যাহ
- ২। আবদুল মতিন বি.এস.সি
- ৩। সালাহ উদ্দীন
- ৪। মোহাঃ লোকমান
- ৫। রফিক উল্যাহ

নির্বাচিতদের নামঃ

- ১। মাওঃ ছাখাওয়াত উল্যাহ
- ২। আবদুল মতিন বি.এস.সি
- ৩। সালাহ উদ্দীন

মহিলা সংরক্ষিত অভিভাবক সদস্য ২জন প্রার্থীর মধ্যে ১জন নির্বাচিত হয়।

প্রতিদ্বন্দ্বি

- ১। পারভিন আক্তার
- ২। পারভীন সুলতানা

নির্বাচিত

- ১। পারভীন আক্তার

আমি অভিযোগকারী মোহাঃ লোকমান দাখিল শাখার ১জন অভিভাবক হই। আমি নির্বাচনে দাখিল শাখার অভিভাব পদে প্রতিদ্বন্দ্বিতা করি। তাদের জোটবদ্ধ কলা কৌশলের সাথে আমি নির্বাচিত হতে পারি নাই। ম্যানেজিং কমিটি যথা নিয়মে গঠিত হয়, তার মেয়াদকাল ২৭/০৪/২০১৮ইং থেকে ২৬/০৪/২০২০ইং তারিখ পর্যন্ত।

নির্বাচন থেকে বেশ কিছু অনিয়ম আমার দৃষ্টি গোচর হওয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগ পেশ করিলাম।

অভিযোগ সমূহঃ

- ১। দাখিল শাখার নির্বাচিত অভিভাবক সদস্য জনাব আবদুল মতিন বি.এস.সি তাহার মেয়ে নাজমুন্নাহার ১০ শ্রেণী থেকে পাশ করে চলে গিয়েছে। তিনি বর্তমানে অভিভাবক না হওয়ায় তাহার সদস্য পদ থাকতে পারে না।
- ২। দাখিল শাখার অভিভাবক সদস্য ছাখাওয়াত উল্যাহ তাহার ছেলে তারেক মনোয়ার ২০১৯ সালের জানুয়ারি মাস থেকে অত্র মাদ্রাসায় পড়ে না সে আল মানার ক্যাডেট মাদ্রাসায় লিখাপড়া করে। তাই তাহার সদস্য পদ থাকতে পারে না।

৩। সভাপতি হাবিব উল্যাহ বি.এস.সি তিনি এক সময় এ মাদ্রাসায় শিক্ষকতা করতেন, বর্তমানে পান্থবর্তী ওয়াছেকপুর উচ্চ বিদ্যালয় শিক্ষকতায় নিয়োজিত আছেন। তাহার ইনডেক্স নং- ২৬৭৬৫০। প্রবিধান মালা- ২০০৯ ধারা-৭ এর ২ (কোন শিক্ষক কিংবা শিক্ষক শ্রেণীর কেউ সভাপতি পদে মনোনীত হইবেন না)। এছাড়াও বাংলাদেশ হাইকোর্ট এ বিষয় রুল জারি করেছেন যে, বেসরকারী প্রতিষ্ঠানে স্কুল, কলেজ, মাদ্রাসায় কোন শিক্ষক সভাপতি পদে নির্বাচিত কিংবা মনোনীত হইতে পারিবেন না বলে রায় দিয়েছেন। বিচারপতি শেখ হাছান আরিফ ও বিচারপতি মোহাঃ কামরুজ্জামান সম্মুখে গঠিত হাইকোর্ট ব্যঞ্চে। দৈনিক নয়া দিগন্ত পত্রিকায় ১০/০৫/২০১৮ইং তারিখ প্রকাশিত হয়। (কপি সংযোজিত)

৪। প্রবিধান-১১ বলা আছে পর পর ৩টি সভায় অবহিত করন ব্যতীত অনুপস্থিত থাকলে ম্যানেজিং কমিটির সদস্য হিসাবে থাকিতে পারিবেন না।

ম্যানেজিং কমিটির মোট সভা হয় ১০টি। মহিলা অভিভাবক সদস্য পারভীন আক্তার, দাতা সদস্য রহিমে আজম জোহা, কো-অপট সদস্য জনাব, মাহবুবুল হক ১০টি সভার মধ্যে ১টি সভায়ও উপস্থিত ছিলনা। বিধি মোতাবেক তাহারা সদস্য থাকতে পারেন না।

অতএব, মহোদয় সমিাপে আরজ এই যে, নির্বাচিত অযোগ্য সদস্য আবদুল মতিন বি.এস.সি. ও ছাখাওয়াত উল্যাহ, মহিলা সদস্য পারভীন আক্তার ৩ জনের পদ শূণ্য করে প্রতিদ্বন্দ্বি মোহাঃ লোকমান, রফিক উল্যাহ ও পারভীন সুলতানাকে বিধি মোতাবেক নির্বাচিত ঘোষণা করা সভাপতি পূর্ণ নির্বাচিত করা অথবা কমিটি ভেঙ্গে দিয়ে পূর্ণঃ নির্বাচনের ব্যবস্থা করতে মহোদয়ের মর্জি কামনা করি।

তারিখ - ২৬/০৬/২০১৯

নিবেদক
(মোঃ লোকমান)
অভিভাবক
পিতা-মৃত ছাদু মিয়া
গ্রাম- আবদুল্যাহপুর
বেগমগঞ্জ, নোয়াখালী।